

জবি ছাত্রদলের আরেক নেতার পদত্যাগ

জবি প্রতিনিধি



সংযুক্ত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রদলের আহ্বায়ক সদস্য

পারভেজ রানা প্রাপ্তের পদত্যাগের পর এবার পদত্যাগ করেছেন

সংগঠনটির আরো একজন আহ্বায়ক সদস্য রাকিবুল হাসান রানা।

তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ২০২০-২১

শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

শনিবার (১২ জুলাই) দুপুরে ব্যক্তিগত ফেসবুক অ্যাকাউন্টে একটি

পোষ্টের মাধ্যমে তিনি নিজ পদত্যাগের ঘোষণা দেন।

পোষ্টে তিনি লেখেন, “আসসালামু আলাইকুম।

আমি ব্যক্তিগত কারণে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, জগন্নাথ

বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক কমিটির ‘আহ্বায়ক সদস্য’ পদ

থেকে সরে দাঁড়াচ্ছি।”



নির্বাচনকে কেন্দ্র করে সংকট তৈরির ষড়যন্ত্র শুরু হয়েছে
: ফারংক

তিনি আরো লেখেন, ‘জুলাই বিপ্লবের পর বাংলাদেশের ছাত্র
রাজনীতিতে যে পরিবর্তনের প্রত্যাশা করেছিলাম, তা এখনো
চোখে পড়েনি। বরং বর্তমান পরিস্থিতিতে আমি চরমভাবে আশাহত
ও মানসিকভাবে বিপর্যস্ত।’

পদত্যাগপত্রে ছাত্রদলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে তিনি লেখেন,
‘ছাত্রদলের সঙ্গে সম্পৃক্ত থাকায় ভাইদের কাছ থেকে অনেক
ভালোবাসা পেয়েছি।

হয়তো আমি আমার জায়গা থেকে দায়িত্ব যথাযথভাবে পালন
করতে পারিনি। তবু দলের সর্বাঙ্গীণ মঙ্গল কামনা করি এবং
প্রত্যাশা করি— শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাসনামলের
মতো স্বর্ণযুগ আবার ফিরে আসুক। দলের প্রতি শুভকামনা রেখে
বিদায় নিচ্ছি। আল্লাহ হাফেজ।

,

এ নিয়ে চলতি মাসে জবি ছাত্রদলের আহ্বায়ক কমিটির দুজন
সদস্য পদত্যাগ করলেন। তবে দলীয় নেতৃত্বের পক্ষ থেকে এখনো
এ বিষয়ে আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।